[redacted]

[redacted]

আটকা পড়েন তিনি।

পুলিশের দেওয়া তথ্যানুযায়ী, বৃহস্পতিবার দুপুর দেড়টার দিকে দর্শনা থানার ওসি নজরুল ইসলামের নেতৃত্বে এসআই সাইফুল ইসলাম গোপন সংবাদের ভিত্তিতে অভিযান চালিয়ে চুয়াডাঙ্গা বাসস্ট্যান্ড থেকে চণ্ডীপুরের তরিবত মন্ডলের ছেলে সিদ্দিক মেম্বারকে গ্রেফতার করেন।

এসআই সাইফুল ইসলাম জানান, সিদ্দিককে গ্রেফতারের পাশাপাশি তাঁর কাছ থেকে হাতকড়াটিও উদ্ধার করা হয়েছে।

এ ঘটনায় এসআই মোল্লা আরিফুল ইসলাম বাদী হয়ে দর্শনা থানায় মামলা দায়ের করেছেন। গ্রেফতারকৃতদের ওই মামলায় আদালতে সোপর্দ করা হয়েছে।

দর্শনা থানার ওসি নজরুল ইসলাম বলেন, ‘অপরাধী কখনোই পুলিশের চেয়ে শক্তিশালী নয়। তাই সিদ্দিককে ছিনিয়ে নিতে যারা সহযোগিতা করেছে, প্রত্যেককে আইনের আওতায় আনা হবে।’

দর্শনায় পুলিশের ওপর হামলা করে হ্যান্ডকাফসহ পালাল আ.লীগ নেতা, আটক ৪

চুয়াডাঙ্গার দামুড়হুদা উপজেলার দর্শনা থানাধীন চণ্ডীপুর এলাকায় পুলিশের হেফাজত থেকে হ্যান্ডকাফসহ এক পলাতক আসামি পালিয়ে গেছেন। বুধবার রাত ৯টার দিকে চণ্ডীপুর গ্রামে এ ঘটনা ঘটে।

পুলিশের হেফাজত থেকে পালিয়ে যাওয়া আসামির নাম আবু ছিদ্দিক (৫৫)। তিনি কুড়ুলগাছি ইউনিয়নের ২ নম্বর ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি, স্থানীয় ইউপি সদস্য এবং চণ্ডীপুর বাজারপাড়া গ্রামের মৃত উম্বাত আলীর ছেলে। তার বিরুদ্ধে আগে থেকেই একটি পুরোনো মামলায় গ্রেপ্তারি পরোয়ানা ছিল বলে জানা গেছে।

পুলিশ ও স্থানীয় সূত্রে জানা যায়, পুরোনো মামলার পলাতক আসামি আবু ছিদ্দিককে গ্রেপ্তার করতে বুধবার রাতে দর্শনা থানা পুলিশের একটি বিশেষ দল চণ্ডীপুর গ্রামে অভিযান পরিচালনা করে। অভিযানকালে পুলিশ তাকে আটক করে হ্যান্ডকাফ পরায়। এ সময় তার স্বজন ও অনুসারীরা সংঘবদ্ধ হয়ে পুলিশের ওপর অতর্কিত হামলা চালায় এবং কাজে বাধা সৃষ্টি করে। এই সুযোগে আবু ছিদ্দিক হ্যান্ডকাফসহ দৌড়ে পালিয়ে যান। স্থানীয়দের হামলায় পুলিশের দুজন সদস্য আহত হয়েছেন।

ঘটনার পর পরই আসামি আবু ছিদ্দিককে পুনরায় গ্রেপ্তার করতে চুয়াডাঙ্গা জেলা পুলিশের পক্ষ থেকে পুরো জেলাজুড়ে বিশেষ তল্লাশি ও নজরদারি জোরদার করা হয়েছে। এদিকে পুলিশের কাজে বাধা প্রদান ও হামলার ঘটনায় জড়িত সন্দেহে নারীসহ চারজনকে আটক করা হয়েছে।

আটককৃতরা হলেন—চণ্ডীপুর হালদারপাড়ার রবি হালদারের ছেলে লক্ষ্মণ, সেলিমের ছেলে ফিরোজ, সঞ্চয়ের স্ত্রী কণা এবং সনজিতের স্ত্রী সোনালী।

ঘটনার সত্যতা নিশ্চিত করে দামুড়হুদা-জীবননগর সার্কেলের অতিরিক্ত পুলিশ সুপার মো. নুরুল্লাহ বলেন, আওয়ামী লীগ নেতা আবু ছিদ্দিককে আটক করতে গেলে তার পরিবারের সদস্য ও অনুসারীরা পুলিশের ওপর আক্রমণ চালায়। এতে আমাদের দুজন পুলিশ সদস্য আহত হন। আসামিকে পুনরায় গ্রেপ্তার করতে আমাদের অভিযান অব্যাহত রয়েছে।

দর্শনা থানার ওসি (তদন্ত) মো. মুখলেসুর রহমান জানান, পুলিশের হেফাজত থেকে আসামি পালিয়ে যাওয়ার বিষয়টি গুরুত্বের সাথে দেখা হচ্ছে। ঘটনাটি কীভাবে ঘটেছে এবং কারা সরাসরি ইন্ধন দিয়েছে তা খতিয়ে দেখে আইনগত ব্যবস্থা নেওয়া হচ্ছে।

ভারতে যাওয়ার পথে দর্শনা

ইমিগ্রেশনে গোদাগাড়ী পৌর আ.লীগ নেতা আটক

চুয়াডাঙ্গার দর্শনা ইমিগ্রেশন চেকপোস্ট দিয়ে ভারতে পালিয়ে যাওয়ার সময় রাজশাহীর গোদাগাড়ী পৌর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মো. নাসিমুল ইসলামকে আটক করেছে ইমিগ্রেশন পুলিশ।

রোববার বেলা ১১টার দিকে তাকে আটক করা হয়। তিনি রাজশাহীর গোদাগাড়ী উপজেলার ভগবন্তপুর গ্রামের আব্দুল হাইয়ের ছেলে।

দর্শনা ইমিগ্রেশন পুলিশ সূত্রে জানা গেছে, নাসিমুল ইসলামের বিরুদ্ধে গোদাগাড়ী মডেল থানায় একটি মামলা রয়েছে।

দর্শনা ইমিগ্রেশন পুলিশের ইনচার্জ উপপরিদর্শক (এসআই) তুহিন মিয়া জানান, গোদাগাড়ী থানা পুলিশের অধিযাচনের ভিত্তিতে তাকে আটক করা হয়। ২০২৪ সালের ৬ ডিসেম্বর করা ওই মামলায় দণ্ডবিধির বিভিন্ন ধারায় হত্যাচেষ্টা, বিস্ফোরক দ্রব্যসহ বিভিন্ন অভিযোগ আনা হয়েছে।

দর্শনায় সন্দেহভাজন গাড়িতে তল্লাশি, ৩৫ পিস স্ক্যাফ সিরাপ উদ্ধার

চুয়াডাঙ্গার দর্শনা থানাধীন আকন্দবাড়িয়া এলাকায় একটি সন্দেহভাজন গাড়িতে তল্লাশি চালিয়ে ৩৫ পিস স্ক্যাফ সিরাপ উদ্ধার করেছে স্থানীয় মাদকবিরোধী যুবসমাজ। তবে অভিযানের উপস্থিতি টের পেয়ে কথিত মাদক ব্যবসায়ী ঘটনাস্থল থেকে কৌশলে পালিয়ে যায়।

স্থানীয় সূত্রে জানা গেছে, গতকাল রাতে আকন্দবাড়িয়া এলাকায় একটি গাড়ির গতিবিধি সন্দেহজনক মনে হলে মাদকবিরোধী যুবসমাজের সদস্যরা গাড়িটিতে তল্লাশি চালান। এ সময় গাড়ির ভেতরে থাকা একটি ব্যাগ থেকে

৩৫ পিস স্ক্যাফ সিরাপ উদ্ধার করা হয়।

তল্লাশির বিষয়টি টের পেয়ে গাড়ির চালক বা গাড়িতে থাকা কথিত মাদক ব্যবসায়ী দ্রুত ঘটনাস্থল থেকে পালিয়ে যায় বলে স্থানীয়রা জানান।

এলাকাবাসী জানান, সীমান্তবর্তী এলাকা হওয়ায় আকন্দবাড়িয়াসহ দর্শনার বিভিন্ন রুটে মাদক চোরাকারবারিদের তৎপরতা রোধে তরুণরা দীর্ঘদিন ধরে সোচ্চার ভূমিকা পালন করে আসছেন।

অভিযানে উদ্ধার করা মাদক থানায় হস্তান্তরের প্রক্রিয়া চলছে। পলাতক ব্যক্তিকে শনাক্ত ও গ্রেপ্তারে দর্শনা থানা পুলিশের অভিযান অব্যাহত রয়েছে বলে জানা গেছে।

দর্শনায় কচি কন্ঠের আসর সংগঠনের উদ্যোগে বৃক্ষ রোপণ ও বিতরণ

ইউএসএ (USA) সামাজিক ও সেবামূলক সংগঠন কচি কণ্ঠের আসর এর চেয়ারম্যানের নির্দেশনায় চুয়াডাঙ্গা জেলা শাখা কমিটির আয়োজনে দর্শনা বালিকা বিদ্যালয় ও দক্ষিণ চাঁদপুর বিদ্যালয়ে বৃক্ষ রোপণ ও ফলজ গাছ ছাত্র-ছাত্রীদের মাঝে বিতরণ করা হয়েছে ।

মঙ্গলবার বেলা সাড়ে ১২ টায় বিদ্যালয় প্রাঙ্গনে এ অনুষ্ঠানের আয়োজন করা হয়। এ সময় কচি কণ্ঠের আসরের চুয়াডাঙ্গা জেলা শাখার সভাপতি এ কে এম হুমায়ুন কবির বলেন গাছ আমাদের অক্সিজেন দেওয়ার পাশাপাশি পরিবেশের ভারসাম্য বজায় রাখতে গুরুত্বপূর্ণ ভুমিকা পালন করে।

ভবিষ্যৎ প্রজন্মের জন্য একটি নিরাপদ ও বাসযোগ্য পৃথিবী রেখে যেতে আমাদের প্রত্যেকেরই নিয়মিত গাছ লাগানো উচিত। সামাজিক ও সেবামূলক সংগঠন কচি কণ্ঠের আসরের এ রকম কার্যক্রম ভবিষ্যতে আরো বেশি চলমান থাকবে।

সংগঠনের সদস্য সচিব লিয়াকত আলী বলেন গাছ রোপণ আমাদের পরিবেশ, স্বাস্থ্য এবং অর্থনৈতিক সুরক্ষার জন্য অপরিহার্য। এটি পৃথিবীর ভারসাম্য বজায় রাখতে এবং মানবজাতির অস্তিত্ব টিকিয়ে রাখতে সবচেয়ে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। এজন্য আমাদের সকলের উচিত বেশি বেশি গাছ রোপণ করা। এ সময় তিনি বিদ্যালয়ের সকল শিক্ষার্থীদের গাছ রোপণের জন্য আহব্বান জানান।

এ সময় অনুষ্ঠানে আরও ছিলেন দামুড়হুদা আব্দুল ওদুদ শাহ্ কলেজের প্রভাষক লাবন্য আক্তার মারু, কচি কণ্ঠের আসর সংগঠনের অর্থ সচিব মনোয়ার হোসেন, সদস্য মোঃ আফজালুল হক বাদল ও খুরশিদা নাহার।

দর্শনার আকুন্দবাড়িয়া স্কুল এ্যান্ড কলেজে বজ্রপাতে ৪ ছাত্রী আহত

দর্শনার আকন্দবাড়িয়া স্কুল এ্যান্ড কলেজের ৭ম শ্রেণীর ৪ জন ছাত্রী বজ্রপাতে মারাত্মক আহত হয়ে হাসপাতালে ভর্তি হয়েছে।

আকুন্দবাড়িয়া স্কুল এ্যান্ড কলেজের অধ্যক্ষ আব্দুলা আল মামুন জানান, গতকাল দুপুর দেড়টার দিকে দর্শনা এলাকায় প্রচন্ড বৃষ্টি ও বর্জপাত শুরু হয়। এ সময় টিফিন চলছিল। এসময় হঠাৎ বর্জপাত হয়। এতে ৭ম শ্রেনীর ছাত্রী জুলেখা (১৩), আনিছা (১৩), লাইলা (১৩) ও হ্যাপী। এছাড়া এ্যানী (১২) সামান্য আহত হয়।

এসময় দর্শনা পুলিশ আহতদের প্রথমে দর্শনা পুরাতন বাজার তরফদার ক্লিনিকে নেওয়া হয়। এদের মধ্যে মারাত্মক আহত একজনকে চুয়াডাঙ্গা সদর হাসহাতালে রেফাড করেন তরফদার ক্লিনিক কতৃর্পক্ষ। শেষ খবর পাওয়া পর্যন্ত তাদের অবস্থা কিছুটা ভাল বলে জানান,অধ্যক্ষ আব্দুল্লাহ আল মামুন।

[redacted]

[redacted]

[redacted] [redacted]-[redacted] [redacted] [redacted] [redacted]

[redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted]-[redacted]

[redacted] ([redacted]) [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted]

রোপন কার্যক্রমের শুভ উদ্বোধন করা হয়েছে।

আজ মঙ্গলবার (১ সেপ্টম্বর) সারা দেশের ৯টি চিনিকলের ৮২টি ইউনিটে একযোগে আখ রোপনের উদ্বোধন করা হয়। এর মধ্যে দর্শনা কেরু চিনিকলের ৯টি বানিজ্যিক কৃষি খামার ও মিলের আওতায় কৃষকদের জমিতে ৬ হাজার ৩০০ একর লক্ষ্যমাত্রা নিধার্রণ করে একযোগে এই আখ রোপণ কার্যক্রমের শুভ সূচনা করা হয়।

এর মধ্যে কেরু খামারগুলোতে ১ হাজার ৬৩৮ একর এবং কৃষকদের জমিতে ৪ হাজার ১৬৪ একর আখ রোপন লক্ষমাত্রা ধরা হয়েছে। বিগত ২০২৫-২০২৬ রোপন মৌসুমে রোপন লক্ষ্যমাত্রা ছিল ৬ হজার একর। সেখানে অর্জিত হয়েছে ৫ হাজার ৮০২ একর।

প্রথমে কৃষক লিকু শাহ জমিতে, আখের চারার বীজতলা উদ্বোধন করা হয়। এরপর কেরু বানিজ্যিক খামার আকুন্দবাড়িয়া মাঠে আখ রোপনের কার্যক্রমের শুভ সুচনা করা হয়েছে। রোপন মৌসুম অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অ্যান্ড কোং (বাংলাদেশ) লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক (এমডি) জনাব মো. রাব্বিক হাসান (এফসিএমএ)।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিএসএফআইসি(সদর দপ্তর, ঢাকা) এর মহাব্যবস্থাপক (মিলস ফার্ম) জনাব মোহাম্মদ শহীদ উল্লাহ। এতে সভাপতিত্ব করেন কেরু অ্যান্ড কোম্পানির মহাব্যবস্থাপক (কৃষি) জনাব মোহাম্মদ আশরাফুল আলম ভূঁইয়া।

অনুষ্ঠানে ভার্চ্যুয়াল প্রধান অতিথির বক্তব্যে ব্যবস্থাপনা পরিচালক মো. রাব্বিক হাসান বলেন, “আগামী মৌসুমের চিনির উৎপাদন বৃদ্ধি ও মিলে পর্যাপ্ত আখ সরবরাহ নিশ্চিত করতে কর্মকর্তা- কর্মচারীরা নিরলসভাবে কাজ করে যাচ্ছেন। নির্ধারিত সময়ে উন্নত জাতের ও গুণগত মানসম্পন্ন আখ রোপণ শেষ করতে পারলে চিনি উৎপাদনের কাঙ্ক্ষিত লক্ষ্যমাত্রা অর্জন করা সম্ভব হবে।”

উদ্বোধনী অনুষ্ঠানে কৃষি বিভাগের কর্মী, স্থানীয় কর্মকর্তা- কর্মচারী, শ্রমিক, কৃষক ও ইউনিয়ন নেতৃবৃন্দ ও সুধিজনরা উপস্থিত ছিলেন।

দর্শনায় বৃক্ষরোপণ ও মাছের পোনা অবমুক্তকরণ কর্মসূচি

বর্তমান সরকারের বৃক্ষরোপণ কর্মসূচির অংশ হিসেবে দর্শনা সরকারি কলেজের উদ্যোগে বৃক্ষরোপণ ও পুকুরে মাছের পোনা অবমুক্তকরণ কর্মসূচি পালিত হয়েছে।

রবিবার সকাল সাড়ে ১১টায় দর্শনা সরকারি কলেজের অধ্যক্ষ অধ্যাপক এস এম শাহ আলম কলেজ প্রাঙ্গণে বৃক্ষরোপণ এবং কলেজের নিজস্ব পুকুরে মাছের পোনা অবমুক্ত করেন।

এ সময় অধ্যক্ষ অধ্যাপক এস এম শাহ আলম বলেন, “গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক পাঁচ বছরে ২৫ কোটি বৃক্ষরোপণ কর্মসূচি বাস্তবায়নের লক্ষ্যে দর্শনা সরকারি কলেজে এ বৃক্ষরোপণ কর্মসূচি পালন করা হয়েছে। কলেজ চত্বর সবুজায়ন করা হবে। গাছ পরিবেশের ভারসাম্য রক্ষা করে।”

তিনি আরও বলেন, “আমাদের দেশের জলবায়ু পরিবর্তন হচ্ছে। সেখানে যদি আমরা বেশি বেশি গাছ লাগাই, তাহলে গাছ থেকে অক্সিজেন পাব, ফল পাব এবং কাঠের গাছ থেকে অর্থনৈতিকভাবে লাভবান হতে পারব। গাছ আমাদের সর্বক্ষেত্রে প্রয়োজন। গাছ থেকে ওষুধ পাই, খাদ্য পাই। গাছ ছাড়া আমাদের বেঁচে থাকা অসম্ভব। তাই উপস্থিত সবাইকে বলব, বাড়ির উঠানে, ছাদে ও পতিত জমিতে প্রত্যেকেই অন্তত একটি করে গাছ লাগাবেন।”

বৃক্ষরোপণ ও মাছের পোনা অবমুক্তকরণ কর্মসূচিতে উপস্থিত ছিলেন দর্শনা সরকারি কলেজের বৃক্ষরোপণ কমিটির সদস্য ও রাষ্ট্রবিজ্ঞান বিভাগের শিক্ষক কায়েম জাহান, ইতিহাস বিভাগের সহযোগী অধ্যাপক হাফিজুল ইসলাম, বাংলা বিভাগের শিক্ষক আশরাফুল আলম, রাষ্ট্রবিজ্ঞান বিভাগের শিক্ষক জমসেদুর রহমান, ইংরেজি বিভাগের শিক্ষক কামাল হোসেন শরীফ, ব্যবস্থাপনা বিভাগের শিক্ষক সাইফুল ইসলাম, ইসলাম শিক্ষা বিভাগের শিক্ষক মাহমুদুল হক সিদ্দিক, উদ্ভিদবিজ্ঞান বিভাগের শিক্ষক মুসলিমা খাতুন, কলেজ ছাত্রদলের সভাপতি মোফাজেল হক মোফা, সাধারণ সম্পাদক পলাশ আহমেদ এবং দর্শনা সরকারি কলেজের বিভিন্ন বিভাগের শিক্ষার্থীরা।

অনুষ্ঠান পরিচালনা করেন সহযোগী শিক্ষক মুকুল হোসেন।